



বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয়: দুগ্ধ ভবন

১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮

মিই/প্রশা/ব্যান-১২৪১/২০০৯/ডিপি-১৬৩/২০২৩/২২০

তারিখ: ০২ আষাঢ় ১৪৩২
১৬ জুন ২০২৫

আদেশ

যেহেতু, জনাব মো. তারিফুল আলম শেখ, কর্মচারী নং-১২৪১, এমপ্লয়ী গ্রেড-২, (সমিতি সংগঠক) খুলনা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রে সমিতি সংগঠক হিসাবে কর্মরত থাকা অবস্থায় তার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতিত ০১/০৪/২০২২ তারিখ হতে দীর্ঘ প্রায় ১৭ মাস/৫১৭ (পাঁচশত সতের) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার নিয়ন্ত্রনকারী কর্মকর্তা কর্তৃক অনেক বার মোবাইলে যোগাযোগ এবং সর্বশেষ বিগত ২১/০৮/২০২৩খ্রি. তারিখে ডাক বিভাগের মাধ্যমে রেজিস্ট্রিকৃত পত্র প্রেরণ করে কর্মস্থলে দ্রুত যোগদানের জন্য তাগিদ প্রদান করেন। তথাপিও তিনি কর্মস্থলে যোগদান না করায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-১৬৩/২০২৩) রুজু করে স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১২৪১/২০০৯/ডিপি-১৬৩/২০২৩/১২৪ তারিখ: ১৯/১২/২০২৩খ্রি. পত্র মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

০২। যেহেতু, জনাব মো. তারিফুল আলম শেখ, কর্মচারী নং-১২৪১, এমপ্লয়ী গ্রেড-২, (সমিতি সংগঠক) খুলনা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র গত ২৫/০১/২০২৪খ্রি. তারিখে অভিযোগনামার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী'র আগ্রহ প্রকাশ করলে গত ১৪/০২/২০২৪খ্রি: তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। বিধি মোতাবেক তদন্তের জন্য ডা. মো. মারুফুজ্জামান তরফদার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলপুর দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে জনাব মো. তারিফুল আলম শেখ, কর্মচারী নং-১২৪১, এমপ্লয়ী গ্রেড-২, (সমিতি সংগঠক) খুলনা দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় মিক্স ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ৮.০৬ এর (৬) মোতাবেক গত ২৩/০২/২০২৫খ্রি. তারিখে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মচারী ২য় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির পর ০৭ (দিন) সময় চেয়ে গত ০৮/০৫/২০২৫ তারিখে পত্র দেন। পরবর্তীতে মানবিক কারণে হার্টের রোগী হিসেবে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করে কাজে যোগদানের সুযোগ প্রদানের জন্য গত ২২/০৫/২০২৫খ্রি. তারিখ আবেদন করেন;

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারী বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত কাগজপত্র, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময় প্রদত্ত বক্তব্য, তথ্য-প্রমাণক ও সংশ্লিষ্ট দলিল-দস্তাবেজ পর্যালোচনায় অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়। দায়িত্ব পালনের ক্ষেত্রে অভিযুক্ত কর্মচারী আন্তরিক নয় মর্মে প্রতীয়মান হয়, কারণ তিনি নিজেই অভিযোগ খন্ডাতে ব্যর্থ হয়েছেন। তাছাড়া তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনেও অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে “অফিসিয়াল অনুমোদন নেই, দীর্ঘ দিন অনুপস্থিতির যথাযথ কোন যৌক্তিক কারণ দেখাতে পারেন নাই। এমনকি তিনি তদন্ত কাজে তেমন কোন সহযোগিতাও করেন নাই। তিনি সব সময় মিথ্যা ও ছলনার আশ্রয় নিয়েছেন” মর্মে তদন্ত প্রতিবেদন উল্লেখ করেছেন। ইতিপূর্বেও ডিডিপিতে বিপণন বিভাগে কর্মরত থাকা অবস্থায় বিনা অনুমতিতে কর্মস্থলে ৪৫দিন অনুপস্থিত থাকার কারণে স্মারক নং-ডিডিপি/এমডিএম/ব্যাখ্যা-৫৭/২০১৯/২৯৩(৫); তারিখ: ২১/০৬/২০২০খ্রি. এর পত্রমূলে ব্যাখ্যা চাওয়া হলে তিনি তারও কোন জবাব প্রদান করেননি। এহেন কর্মকর্তার জন্য অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত মিক্স ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ মোতাবেক “অসদাচরণ” এবং বিধি ২.০৫ মোতাবেক “ডিজারশন” এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি গুরুদণ্ড পাওয়ার যোগ্য।

চলমান/পাতা-২

০৬। সেহেতু এক্ষনে, জনাব মো. তারিফুল আলম শেখ, কর্মচারী নং-১২৪১, এমপ্লয়ী গ্রেড-২, (সমিতি সংগঠক) খুলনা দুগ্ধ শীতলীকরন কেন্দ্র-কে মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ৮.০১ ১।(খ) মোতাবেক “অসদাচরণ” (Misconduct) এবং বিধি ২.০৫ মোতাবেক “ডিজারশন” এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৬৩/২০২৩ এর দায়ে একই বিধি’র ৮.০২ এর (১) (খ) ২. বিধি মোতাবেক গুরুদন্ড হিসেবে “চাকুরী হতে বরখাস্ত (Dismissed from Service)” দন্ডে দন্ডিত করা হলো। যা বিগত ০১/০৪/২০২২ তারিখ হতে কার্যকর হবে।



আহিদুল ইসলাম

যুগ্মসচিব (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ)
ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)
(মিল্ক ইউনিয়ন)।

মিই/প্রশা/বান-১২৪১/২০০৯/ডিপি-১৬৩/২০২৩/২১০/১(২)

তারিখ : ০২ আষাঢ় ১৪৩২
১৬ জুন ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাব্যবস্থাপক (প্রশাসন), মিল্ক ইউনিয়ন (ব্যবস্থাপনা কমিটি’র পরবর্তী সভায় অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২. মহাব্যবস্থাপক (এসপিপি/বিপণন/টেকনিক্যাল ও অপারেশ-অ:দা:) মিল্ক ইউনিয়ন।
৩. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৪. উপ-মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (নিরীক্ষা) মিল্ক ইউনিয়ন।
৬. সভাপতি মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপ-ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), মিল্ক ইউনিয়ন (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৮. জনাব মো. তারিফুল আলম শেখ, কর্মচারী নং- ১২৪১, এমপ্লয়ী গ্রেড-২, খুলনা দুগ্ধ শীতলীকরন কেন্দ্র (স্থায়ী ঠিকানা : গ্রাম: ডোমনমারা, বিদিরপুর; পো : বিদিরপুর, উপজেলা : মনোহরদী; জেলা : নরসিংদী)।
৯. ব্যক্তিগত নথি/অফিস কপি/মান্টার কপি।



ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)
মিল্ক ইউনিয়ন।